মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা ঢাকা-১২১৭।

২০২৪-২০২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব কে.এ.এম.এম. রইসুল ইসলাম, পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ বিভাগ), এমআরএ
সভার তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০২৪
সভার সময় : ১১:০০ ঘটিকা
স্থান : এমআরএ'র সম্মেলন কক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যদের তালিকা **পরিশিষ্ট-"ক"**

সভার আলোচ্য বিষয়সমূহঃ

১। ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ।
২। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণ।
৩। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটেজেনস্ চার্টার) সম্পর্কীত প্রশিক্ষণ/অবহিতকরণ সভা আয়োজন।
৪। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটেজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি হালনাগাদকরণ।

সভার শুরুতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভাপতি উপস্থিত সদস্যদেরকে শুভেচ্ছা জানান। প্রথমে এমআরএ-এর ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন অর্জন বিষয়ে আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

কার্যক্রম/আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
[১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	[১.১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক কমিটি
[১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	[১.২.১] ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	লক্ষ্যমাত্রা অনুসারে প্রয়োজনীয় সংশোধনীসহ সেবা প্রদান প্রতিশ্রু তির ১ম ত্রৈমাসিকের হালনাগাদ তালিকা ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	
[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	[২.১.১] ২৪/০৯/২০২৪ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ১ টি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে কমিটিকে অবহিত করা হয়।	লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।	প্রশিক্ষণ সেল
[২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[২.২.১] আগামী ২৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	আগামী ২৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক কমিটি
[২.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	[২.৩] অথরিটির পদনাম পরিবর্তন হয়েছে। পরিবীক্ষণ কমিটির সদস্যদের পরিবর্তিত পদনামে নতুন করে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ পুনর্গঠন করার বিষয়ে আলোচনা করা হয়।	কমিটির যেসব সদস্যের পদনাম পরিবর্তিত হয়েছে তাদের পরিবর্তিত পদনামে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	

চলমান পাতা-২

২। উল্লেখ্য, ২০২১-২০২২ অর্থবছর হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা সংযুক্ত করা হয়েছে। অর্থাৎ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন এর উপর বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির অর্জন অনেকাংশে নির্ভরশীল। এক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর সকল সূচক অর্জন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অধিকতর তৎপর হতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি করা হয়।

২৫/০৯/২০২৪

(কে.এ.এম.এম. রইসুল ইসলাম)
পরিচালক

স্মারক নং- ৫৩.০৪.০০০০.০০১.৩৬.০৬৯.২৪.১১৭৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, প্রশাসন ও মানব সম্পদ বিভাগ ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ;
২. যুগ্মপরিচালক, প্রশাসন শাখা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ;
৩. যুগ্মপরিচালক, রেগুলেশন শাখা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ;
৪. যুগ্মপরিচালক, মানবসম্পদ শাখা ও ফোকাল পার্সন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ;
৫. সহকারী পরিচালক, প্রশিক্ষণ শাখা ও বিকল্প ফোকাল পার্সন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ;

(জিনাত আমান বন্যা)
যুগ্মপরিচালক